



পশ্চিমবঙ্গ সরকার

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

জেসপ বিল্ডিং, ৬৩ নেতাজী সুভাষ রোড, কলিকাতা - ৭০০০০১

পত্রাঙ্ক : ৩২০২/গ্রা.বি.ক./সহায়/২০০৮

তারিখ : ২৯/১০/২০০৮

প্রেরক : দিলীপ পাল, রাজ্য সঞ্চালক,
গ্রামীণ বিকেন্দ্রীকরণ কর্মসূচি এবং
পদাধিকার বলে উপ-সচিব

প্রাপক : সভাধিপতি,

জেলা পরিষদ (সকল)

জেলা শাসক,

(সকল)

বিষয় : সহায় প্রক্রিয়া ও কর্মসূচির সুষ্ঠু রূপায়ণের জন্য প্রথম পর্যায়ের আশু কাজ ও তার সময়সীমা

মহাশয়া / মহাশয়,

গ্রামীণ এলাকার সবচেয়ে দুঃস্থ বা সহায়-সম্বলহীন পরিবারগুলির খাদ্যের সুনিশ্চয়তার লক্ষ্যে এবং যাতে তারা সারা বছর যথাসম্ভব সুস্থ ও সক্ষমভাবে বেঁচে থাকতে পারে তার জন্য প্রয়োজনীয় ন্যূনতম সহায়তা (যেমন বাসস্থান, পোশাক এবং তাদের পক্ষে করা সম্ভব এমন রোজগারের ব্যবস্থা) সুনিশ্চিত করার লক্ষ্যে, সারা রাজ্য জুড়ে সহায় প্রক্রিয়া ও কর্মসূচির সূচনা করা হয়েছে। গত ২৭ অক্টোবর ২০০৮ তারিখে লোকশিক্ষা সঞ্চয়ের মাধ্যমে সম্প্রচারিত একটি অধিবেশনে সহায় প্রক্রিয়া ও কর্মসূচির নানান দিক সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করা হয়েছে। আনুষ্ঠানিক সূচনার সময় যে উপস্থাপনা করা হয়েছিল, তার মধ্যে সহায় প্রক্রিয়া ও কর্মসূচির প্রথম পর্যায়ের অবশ্য-করনীয় কাজ ও তার সময়সীমার উল্লেখ করা হয়েছিল। এই বিষয়ে এই পত্র মারফৎ আপনার দৃষ্টি আকর্ষণের জন্য আমাকে নির্দেশ দেওয়া হয়েছে। সেই অনুসারে সহায় প্রক্রিয়া ও কর্মসূচির সুষ্ঠু রূপায়ণের জন্য প্রথম পর্যায়ের অবশ্য-করনীয় কাজ ও তার সময়সীমা নিচে উপস্থাপন করা হল।

পর্যায়	কাজের বিবরণ	কার দায়িত্ব	কত তারিখের মধ্যে
১	গ্রামীণ পরিবার সমীক্ষার ভিত্তিতে সবচেয়ে দুঃস্থ বা সহায়-সম্বলহীন পরিবারের প্রাথমিক তালিকা গ্রাম পঞ্চায়েতে পাঠানো	ব্লক অফিস/পঞ্চায়েত সমিতি	৭ নভেম্বর ২০০৮
২	নিরপেক্ষভাবে সহায়-বন্ধু নির্বাচন	গ্রাম উন্নয়ন সমিতির সহায়তা নিয়ে গ্রাম পঞ্চায়েত	১০ নভেম্বর ২০০৮
৩	প্রাথমিক তালিকার অন্তর্ভুক্ত পরিবারগুলিতে গিয়ে গিয়ে এখনকার প্রকৃত অবস্থার যাচাই ও দ্বিতীয় পর্যায়ের অনুসন্ধান এবং গ্রাম সংসদ সভায় সহায় পরিবাবরের তালিকার অনুমোদন	গ্রাম পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন সমিতির সহায়তা নিয়ে সহায়-বন্ধু	৩০ নভেম্বর ২০০৮
৪	প্রত্যেক সহায় পরিবারের জন্য খসড়া পারিবারিক পরিকল্পনা	গ্রাম উন্নয়ন সমিতি (সহায়-বন্ধুর সহায়তায়)	৩১ ডিসেম্বর ২০০৮
৫	সহায় পরিবারগুলির গ্রাম সংসদ ভিত্তিক তথ্য সংকলন	গ্রাম উন্নয়ন সমিতি (সহায়-বন্ধুর সহায়তায়)	৮ জানুয়ারি ২০০৯

পর্যায়	কাজের বিবরণ	কার দায়িত্ব	কত তারিখের মধ্যে
৬	সহায় পরিবারগুলির অবস্থার উন্নয়নের জন্য গ্রাম সংসদ স্তরে দারিদ্র উপ-পরিকল্পনা তৈরি করা	গ্রাম উন্নয়ন সমিতি (সহায়-বন্ধুর সহায়তায়)	১৫ জানুয়ারি ২০০৯
৭	সহায় পরিবারগুলির গ্রাম পঞ্চায়েত ভিত্তিক তথ্য সংকলন	গ্রাম উন্নয়ন সমিতির সহায়তা নিয়ে গ্রাম পঞ্চায়েত	২২ জানুয়ারি ২০০৯
৮	সহায় পরিবারগুলির অবস্থার উন্নয়নের জন্য গ্রাম পঞ্চায়েতের দারিদ্র উপ-পরিকল্পনা তৈরি করা এবং সার্বিকভাবে রূপায়ণের কাজ শুরু করা	গ্রাম সংসদ স্তরের দারিদ্র উপ-পরিকল্পনার ভিত্তিতে গ্রাম পঞ্চায়েত	৩১ জানুয়ারি ২০০৯

এই উদ্যোগকে সফল করার উদ্দেশ্যে, প্রত্যেক পঞ্চায়েত সমিতি, প্রত্যেক গ্রাম পঞ্চায়েত, প্রত্যেক গ্রাম উন্নয়ন সমিতি এবং প্রত্যেক সহায়-বন্ধু সহ সংশ্লিষ্ট সকলেই যাতে অবিলম্বে সহায় প্রক্রিয়া ও কর্মসূচির নির্দেশিকাটি [Memo. No.7314 (18)/RD/O/DPF/1E-3/ 2008-10-03 dated 03.10.2008 - এই বিভাগের ওয়েবসাইটে ৩/১০/২০০৮ তারিখে প্রকাশিত] এবং এই পত্রের একটি করে কপি পায়, তার জন্য জেলা গ্রামীণ উন্নয়ন শাখার পক্ষ থেকে সত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করার বিষয়ে আমাকে নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া, নির্ধারিত সময়-সীমার মধ্যে নির্দিষ্ট কাজগুলি সুসম্পন্ন করার লক্ষ্যে, আপনার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশ পাঠানোর জন্য আপনাকে অনুরোধ করার বিষয়েও আমাকে নির্দেশ দেওয়া হয়েছে।

আপনার বিশ্বস্ত,

(দিলীপ পাল)

পত্রাঙ্ক : ৩২০২/১/গ্রা.বি.ক./সহায়/২০০৮

তারিখ : ২৯/১০/২০০৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই পত্রের প্রতিলিপি পাঠানো হল :

১. প্রকল্প অধিকর্তা, জেলা গ্রামীণ উন্নয়ন শাখা, (সকল জেলা)। সহায় প্রক্রিয়া ও কর্মসূচির নির্দেশিকা এবং এই পত্রের একটি করে কপি যাতে জেলা ও মহকুমা স্তরের সংশ্লিষ্ট আধিকারিকগণও সত্বর পেতে পারেন, তার জন্যও অনুরোধ জানানো হচ্ছে। এই বিষয়ে জেলা গ্রামীণ উন্নয়ন শাখার পক্ষ থেকে কাজের অগ্রগতি সম্বন্ধে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগকে নিয়মিত অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হচ্ছে।

২. শ্রীমতী/শ্রী

(দিলীপ পাল)